

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলাপ্রশাসকের কার্যালয়  
বান্দরবান পার্বত্য জেলা  
(ত্রাণ ও পুনর্বাসন শাখা)  
www.bandarban.gov.bd

স্মারক : ৫১.০১.০৩০০.০০০.৪১.০২২.২৩. ১২০

তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৯  
০২ মার্চ ২০২৩

বিষয় : চলতি ২০২২-২০২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকাভিত্তিক ২য় কিস্তির নগদ অর্থ (টাকা) উপ-বরাদ্দ প্রদান।

সূত্র: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পত্র : ৫১.০১.০০০০.০১১.১৪.০০৭.২২.২০; ১৭ জানুয়ারি ২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচির আওতায় ২য় কিস্তিতে নির্বাচনী এলাকাভিত্তিক মাননীয় সংসদ সদস্যের অনুকূলে বরাদ্দপ্রাপ্ত ৯৪,৫৭,৪৯২.৭০ টাকা হতে নিম্নবর্ণিত উপজেলাসমূহের অকূলে উল্লিখিত নগদ অর্থের বিপরীতে গৃহীত প্রকল্পসমূহ গত ২৩/০২/২০২৩ তারিখে অনুষ্ঠিত “জেলা কর্ণধার” কমিটির সভায় অনুমোদনের প্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্তানুসারে প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত উপজেলার পার্শ্বে উল্লিখিত পরিমাণ নগদ অর্থ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করা হলো এবং উপ-বরাদ্দকৃত অর্থ স্থানীয় হিসাবরক্ষণ অফিস হতে উত্তোলনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই ব্যয় বাজেট কোড ১৪৯০১০১-২১১০০০৩০০-৩৭২১১০১ (অর্থ) হতে নির্বাহ করা হবে।

ক্রমিক	উপজেলার নাম	২য় কিস্তিতে উপ-বরাদ্দকৃত নগদ অর্থের পরিমাণ	অনুমোদিত প্রকল্প সংখ্যা
১	২	৩	৪
০১	রুমা	১২,৫০,০০০/-	০৪ টি
০২	লামা	১৬,২৭,৪৯২.৭	০৮ টি
০৩	আলীকদম	১২,৯০,০০০/-	০৫ টি
০৪	নাইক্ষ্যংছড়ি	১২,৪০,০০০/-	১২ টি
সর্বমোট=		৫৪,০৭,৪৯২.৭	২৯ টি

শর্তসমূহ :

- (০১) ২০২২-২০২৩ অর্থ বছরের ২য় কিস্তির বরাদ্দের বিপরীতে প্রকল্প বাস্তবায়ন আগামী ৩১/০৩/২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;
- (০২) এ কর্মসূচীর অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (০৩) প্রকল্প গ্রহণ/বাছাই গ্রামীণ অবকাঠামো সংস্কার(কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ এর অনুচ্ছেদ ৩,৪ ৫ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (০৪) কাজ শুরু করার পূর্বে আবশ্যিকভাবে প্রি-ওয়ার্ক পরিমাপ গ্রহণ করতে হবে। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখাসহ, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করতে হবে, যাতে কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলকভাবে করতে হবে।
- (০৫) নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন না হলে দারী ব্যক্তিগণকে চিহ্নিত করে প্রচলিত বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে ;
- (০৬) প্রকল্প সূচ্য বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে;
- (০৭) বরাদ্দ প্রাপ্তির ১৫(পনের) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষংগিক কাজ সম্পন্ন করে কার্যক্রম শুরু নিশ্চিত করা। অব্যয়িত অর্থ যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে;
- ০৮) নুতনভাবে তৈরিকৃত/সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুই পার্শ্বে স্থানীয় কৃষি বিভাগের পরামর্শক্রমে তালগাছের চারা রোপণের কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে ;

চলমান পাতা-০২

(০৯) গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শনপূর্বক বরাদ্দকৃত অর্থ ছাড় করতে হবে;

সংযুক্ত: অনুমোদিত প্রকল্পের তালিকা ০১ পাতা।

স্বা -

মো: ছাইফুল্লাহ মজুমদার  
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা  
জেলাপ্রশাসকের পক্ষে  
বান্দরবান পার্বত্য জেলা।  
মোবাইল: ০১৭০০৭১৬৬৯৫  
টেলিফোন: ০২৩৩৩৩০২৭১৯  
email: drrobandarban83@gmail.com

উপজেলা নির্বাহী আফিসার


রুমা/লামা/আলীকদম/নাইক্ষ্যংছড়ি উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা।

স্মারক : ৫১.০১.০৩০০.০০০.৪১.০২২.২৩. ১২০

তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৯  
০২ মার্চ ২০২৩

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৩। পরিচালক(কাবিখা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ০৪। পি এস টু মাননীয় মন্ত্রী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ০৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬, আ. গণি রোড, ঢাকা।
- ০৬। উপজেলা পরিষদ চেয়ারম্যান, রুমা/লামা/আলীকদম/নাইক্ষ্যংছড়ি উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা।
- ০৭। সরকারী কমিশনার (গোপনীয়), বান্দরবান পার্বত্য জেলা (জেলাপ্রশাসক মহোদয় এর সদয় অবগতির জন্য)
- ০৮। সহকারী কমিশনার, আইসিটি, জেলাপ্রশাসকের কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা (উপ-বরাদ্দপত্রটি জেলাপ্রশাসক মহোদয়ের ওয়েবসাইটে Upload করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৯। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বান্দরবান পার্বত্য জেলা- (তাকে উপ-বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণের অনুকূলে ছাড়করার জন্য সংশ্লিষ্ট উপজেলার উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা বরাবরে অর্থ উত্তোলনের ক্ষমতাপত্র জারী করতে অনুরোধ করা হলো)
- ১০। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রুমা/লামা/আলীকদম/নাইক্ষ্যংছড়ি উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা।
- ১১। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রুমা/লামা/আলীকদম/নাইক্ষ্যংছড়ি উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা।

  
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা  
জেলাপ্রশাসকের পক্ষে  
বান্দরবান পার্বত্য জেলা।  
gmm